পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)

# প্রকল্প পরিচিতি

## গ্রাম সংগঠনের মাধ্যমে প্রতিবেশ উপযোগী কৃষি প্রযুক্তির সম্প্রসারণ বিষয়ক প্রায়োগিক গবেষণা প্রকল্প



**বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)**
কোটবাড়ী, কুমিল্লা-৩৫০৩, বাংলাদেশ ।

## ১। পটভূমি

ষাটের দশকে সবুজ বিপ্লবের মাধ্যমে বাংলাদেশের কৃষি উৎপাদন বৃদ্ধি পেলেও খামার ব্যবস্থাপনায় অতি মাত্রায় রাসায়নিক পদার্থ নির্ভর হয়ে পড়ে এবং একক শস্যের নিবিড়তা বৃদ্ধি পায়। পূর্বে বাংলাদেশের কৃষক শুধুমাত্র কম মূল্যের জৈব সার (গোবর সার, ছাই ইত্যাদি) ব্যবহার করে বিভিন্ন ধরণের শস্যের আবাদ করত। কিন্তু সবুজ বিপ্লবের সময় দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য চাহিদা (মূলতঃ ধান) পূরণের জন্য জৈবভিত্তিক কৃষি থেকে অজৈবভিত্তিক (রাসায়নিক) কৃষি খামার ব্যবস্থাপনা চালু করা হয়। অতিমাত্রায় রাসায়নিক সার ব্যবহারের ফলে জমির উর্বরতা ব্যাপক হারে হ্রাস পেয়েছে। মাটির জৈব-রাসায়নিক গুণাগুণ পুনরুদ্ধারে জৈব সারের ব্যবহার উল্লেখযোগ্য হারে বৃদ্ধি করা প্রয়োজন। প্রস্তাবিত প্রায়োগিক গবেষণার মাধ্যমে কৃষক পর্যায়ে ভার্মিকম্পোস্ট/ ট্রাইকোকম্পোস্ট এবং কম্পোস্ট টাম্বলারের মাধ্যমে জৈব সার উৎপাদন ও ব্যবহার প্রযুক্তি সম্প্রসারণ ও জনপ্রিয়করণের মাধ্যমে মাটির গুণাগুণ পুনরুদ্ধারে প্রয়াস নেয়া হবে। তাছাড়া জলবায়ু অভিযোজনশীল বিভিন্ন ফসল যেমন- ধান, সবজি, সূর্যমুখী, ভূট্টা, ভাসমান সবজি চাষ, ইফকাস পদ্ধতিতে মাছ ও সবজি চাষ ইত্যাদি বিষয়ে প্রদর্শনী প্লট স্থাপনের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি এবং নতুন প্রযুক্তি/ধ্যান ধারনা সম্প্রসারণে উদ্যোগ গ্রহণ করা হবে।

কৃষিকাজে সেচ একটি গুরুত্বপূর্ণ উপাদান। আমাদের দেশে ভূগর্ভস্থ পানিই সেচের অন্যতম উৎস হিসেবে বিবেচিত। ধানচাষে বিশেষ করে বোরো মৌসুমে প্রচুর পরিমাণে ভূগর্ভস্থ পানি ব্যবহৃত হয়। ভূগর্ভস্থ পানির যথেচ্ছ ব্যবহার আমাদের আগামী দিনের কৃষিকে হুমকির মুখে ফেলবে। এর ফলে একদিকে যেমন কার্বন নিঃসরণ বৃদ্ধি পাচ্ছে অন্যদিকে, ভূগর্ভস্থ পানির স্তরও নিচে নেমে যাচ্ছে। এ সমস্যা সমাধানের লক্ষ্যে প্রকল্প এলাকায় নবায়নযোগ্য সৌরশক্তি চালিত অগভীর নলকূপ স্থাপন, ব্যবহার, পরিচালনা ও স্থায়ীত্বশীলতা পরীক্ষা করা হবে।

কৃষিক্ষেত্রে রাসায়নিক সার ও কীটনাশকের অবিবেচনাপ্রসূত ব্যবহার এ দেশের প্রতিবেশ ও জীববৈচিত্র্যের উপর ধ্বংসাত্মক প্রভাব ফেলছে। প্রস্তাবিত প্রকল্পের মাধ্যমে কৃষকদের প্রতিবেশসম্মত কৃষি প্রযুক্তির উপর হাতে কলমে প্রশিক্ষণ দেয়া হবে। ফলে একদিকে যেমন পরিবেশের ক্ষতি না করে বাস্তুতন্ত্রের পুনরুদ্ধারে কৃষকগণ ভূমিকা রাখবে অন্যদিকে নিজেদের দক্ষ কৃষি উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে সক্ষম হবে।

## ২। প্রকল্প এলাকা

বাংলাদেশের ৩০টি কৃষি প্রতিবেশ অঞ্চলের মধ্যে হতে ১০টি অঞ্চল বিবেচনায়, Climate Vulnerability Index (CVI) অনুসারে আকস্মিক বন্যা, জলোচ্ছ্বাস, ঘূর্ণিঝড়, লবণাক্ততা, সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধিসহ আরও নানা ধরনের জলবায়ু ঝুঁকিতে রয়েছে এমন এবং বদ্বীপ পরিকল্পনায় উল্লিখিত ৬টি হটস্পট এলাকার মধ্যে ৩টি হটস্পট এলাকা (উপকূল, নদী ও মোহনা এবং হাওর অঞ্চল) বিবেচনায় ৮টি জেলার (কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, সুনামগঞ্জ, নোয়াখালী, বরিশাল, পটুয়াখালী, যশোর, নাটোর) ৩১টি উপজেলায় প্রায়োগিক গবেষণা প্রকল্পটি বাস্তবায়ন করা হবে।

## ৩। বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থা

ক) বাস্তবায়নকারী বিভাগ/মন্ত্রণালয়: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

খ) বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা

গ) প্রকল্পের মেয়াদকাল: ০১ জানুয়ারি ২০২৬ - ৩১ ডিসেম্বর ২০২৮

ঘ) প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়: ৪০৪৫.০০ লক্ষ টাকা

## ৪। প্রকল্পের কার্যক্রম বিবেচনার বিবেচ্য বিষয়সমূহ

### ক) জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায়, কৃষকগণের অভিযোজন বৃদ্ধি ও পরিবেশ বান্ধব কৃষি উৎসাহিত করা

- সৌর সেচ ব্যবস্থা (Solar Panel for Irrigation);
- জলবায়ু সহনশীল শস্যের জাত (Climate Resilient Variety);
- ভাসমান সবজি ও সমন্বিত ব্যবস্থা (IFCAS)।

### খ) মাটির উর্বরতা বৃদ্ধি (Fertility Enhancement)

- ভার্মি কম্পোস্ট (Vermicompost)/ট্রাইকো কম্পোস্ট (Trichocompost);
- কম্পোস্ট টাম্বলার (Compost Tumbler);
- সুপারিশকৃত সার ও কীটনাশক ব্যবহারের কৌশল উদ্ভাবন।

### গ) প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকের আয়ের বৈচিত্রতা

- প্রাণিসম্পদ পালন (Livestock) উৎসাহ প্রদান;
- ফল বাগান ও নার্সারি (Fruit Garden);
- উচ্চমূল্যের সবজি চাষ (High-Value Vegetable);
- ভূট্টা, সূর্যমুখী উৎপাদন ও প্রক্রিয়াকরণ;
- প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণ।

### ঘ) অপ্রধান শস্য উৎপাদনে উদ্বুদ্ধকরণ

- তেলবীজ (সরিষা, তিল) ও সূর্যমুখী উৎপাদন ও প্রক্রিয়াকরণ করে ভোজ্য তেলের আমদানি নির্ভরতা হ্রাস করার কৌশল উদ্ভাবন ও শস্যের নিবিড়তা বৃদ্ধি।

### ঙ) প্রাতিষ্ঠানিক ব্যবস্থার উদ্ভব

- আর্থিক অভিগম্যতা বৃদ্ধির জন্য সদস্যগণের সঞ্চয় ও প্রকল্প হতে আর্থিক সহায়তার মাধ্যমে পুঁজি গঠন;
- পণ্যের ন্যায্যমূল্য প্রাপ্তিতে সরকরি ও বেসরকারি সংস্থার সাথে অংশীদারিত্ব;
- সংগঠনের মাধ্যমে পাওয়ার টিলার ও উন্নত প্রযুক্তি ব্যবহারে উৎসাহিত করণ;
- বেইস লাইন সার্ভের মাধ্যমে কৃষকদের নির্বাচন এবং পরিবর্তনসমূহ পরিবীক্ষণ;
- গবেষণার মাধ্যমে পলিসি এডভোকেসি;
- প্রশিক্ষণ।

## ৫। প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম বাস্তবায়ন কৌশল

### (ক) খানা জরিপ ও গ্রাম তথ্য বই প্রণয়ন

বেসলাইন জরিপের মাধ্যমে আর্থ-সামাজিক নির্দেশকের ভিত্তিতে প্রকল্প এলাকার সম্ভাব্য সুফলভোগীদের কৃষিজ ও অকৃষিজ উৎস হতে আয়, ব্যয়, সম্পদের পরিমাণ, দারিদ্রতা পরিস্থিতি, শিক্ষা, স্বাস্থ্য, বাসস্থান ইত্যাদি তথ্য সংগ্রহ করে প্রতিটি গ্রামের জন্য একটি গ্রাম তথ্য বই তৈরি করা হবে। গ্রাম তথ্য বইয়ে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সুফলভোগী নির্বাচন, উপকরণ বিতরণসহ প্রকল্পের অন্যান্য কার্যক্রম পরিচালনা করা হবে।

### (খ) গ্রাম পর্যায়ে সমিতি/সংগঠন সৃজন

গ্রাম পর্যায়ে ৫০-৬০ সদস্য (খানা প্রধান) বিশিষ্ট আনুষ্ঠানিক/ অনানুষ্ঠানিক সংগঠন তৈরি করা হবে। প্রকল্প এলাকাভুক্ত ৮টি জেলার ৩১টি উপজেলার ১১৬টি গ্রামে ০২টি করে মোট ২৩২টি গ্রাম সমিতি গঠন করা হবে। সৃজিত সমিতি গুলোর মাধ্যমে প্রকল্পের ইনপুট/সেবাসমূহ প্রদান করা হবে। নতুন সমিতিগুলো মাসিক নির্দিষ্ট হারে সঞ্চয় কার্যক্রম পরিচালনা করবে। প্রকল্প সমাপ্তির পর গ্রাম সমিতিগুলো সফল গ্রাম উন্নয়ন কার্যক্রমসমূহ বার্ড এর সহায়তায় গ্রাম পর্যায়ে পরিচালনা অব্যাহত রাখবে। প্রকল্প সহায়তা, সকল প্রকার আয় ও প্রকল্প শেষে হস্তান্তরিত সম্পদ সমিতিসমূহের সাধারণ সম্পদ হিসেবে রিভলবিং ফান্ড হিসাবে সমিতির সদস্যগণ ব্যবহার করবে। প্রকল্পভুক্ত গ্রামসমূহে পরিবেশবান্ধব কৃষি কার্যক্রম, শস্য পর্যায় ও শস্য বৈচিত্র্যকরণ, জৈব কৃষি দ্রব্যাদি উৎপাদন ও ব্যবহারের বিষয়ে সদস্যগণকে উদ্বুদ্ধকরণ কার্যক্রম আয়োজন করা হবে। ভূমিহীন, প্রান্তিক, ক্ষুদ্র ও মাঝারী কৃষক এ প্রকল্পের সমিতি সদস্য হতে পারবেন। এদের মধ্যে ন্যূনতম ২০ ভাগ মহিলা অন্তর্ভূক্ত করার চেষ্টা করা হবে।

### (গ) জৈব সার (ভার্মিকম্পোস্ট/ট্রাইকো কম্পোস্ট) উৎপাদনের অভিযোজিত ট্রায়াল




ভার্মিকম্পোস্ট হচ্ছে বিভিন্ন ধরনের কীটের যেমন লাল উইগ্রার, সাদা কৃমি এবং অন্যান্য কেচোঁর উচ্ছিষ্টাংশের দ্রব্য বা প্রক্রিয়াজাত অংশ, যা সাধারণত বিভিন্ন জৈব উচ্ছিষ্টাংশ যেমনঃ গোবর, শাক-সবজির চামড়া, রান্না ঘরের উচ্ছিষ্টাংশ ইত্যাদি খেয়ে যে বর্জ্য ত্যাগ করে তাকে কেঁচো সার বলা হয়। এই প্রকল্পের আওতায় প্রায় ২,০০০ জন কৃষককে কেঁচো কম্পোস্টের/ট্রাইকো কম্পোস্টের জন্য প্রয়োজনীয় প্রযুক্তিগত সহায়তা ও উপকরণ প্রদান করা হবে।

### (ঘ) বর্জ্য ব্যবস্থাপনা ইউনিট স্থাপন



বর্জ্য থেকে জৈবসার তৈরী করার বিভিন্ন পদ্ধতি রয়েছে যার মধ্যে প্রচলিত পদ্ধতিতে অনেক ঝুঁকি রয়েছে বিধায় প্রচলিত পদ্ধতির পাশাপাশি যান্ত্রিক উপায়ে বর্জ্য ব্যবস্থাপনা করে পরিবেশ ও স্বাস্থ্য ঝুঁকি কমানো সম্ভব




এবং উৎপাদিত জৈবসার কৃষিতে ব্যবহার করে মাটি তথা প্রতিবেশের ভারসাম্য বজায় রাখা সম্ভব। এক্ষেত্রে Compost Tumbler যন্ত্রটি চীন, ভারত, যুক্তরাষ্ট্রসহ পৃথিবীর অন্যান্য দেশে ফলপ্রসূ হয়েছে বলে বিভিন্ন তথ্য পাওয়া গেছে। এই যন্ত্রের মাধ্যমে বর্জ্য ব্যবস্থাপনা সহজীকরণ করে নির্মল পরিবেশ বজায় রাখা ও কৃষিতে জৈবসারের চাহিদা পূরণ করে টেকসই কৃষি প্রয়াসকে আরও এগিয়ে নেয়া সম্ভব হবে বলে প্রতীয়মান হয়। প্রকল্প এলাকার মধ্যে পরীক্ষামূলকভাবে ৫০টি Compost Tumbler ইউনিট থেকে জৈবসার তৈরী করা হবে।

### (ঙ) প্রতিবেশবান্ধব ও পরিবর্তিত জলবায়ু অভিযোজনশীল ফসলের প্রদর্শনী প্লট স্থাপন

- **জলবায়ু সহিষ্ণু ধানের প্লট**



হাওড় অঞ্চলে ফসলহানির জন্য আকস্মিক আগাম বন্যা দায়ী বিধায় এ ধরনের প্রতিকূল পরিবেশকে মোকাবেলা করে ফসল রক্ষার্থে স্বল্প মেয়াদি জীবন চক্রসম্পন্ন ফসলের প্রবর্তন অথবা অন্যত্র চারা উৎপাদন করে রোপণ সময় পরিবর্তন করা হবে। উপকূলীয় অঞ্চলে লবন সহিষ্ণু ধানের চাষ সহ প্রকল্পের পূর্ণ মেয়াদে প্রকল্প এলাকার ৪,০০০ কৃষকের জমিতে মোট ৪,০০০ জলবায়ু সহিষ্ণু ধানের প্লট (খরা সহিষ্ণু, লবণাক্ততা সহিষ্ণু ও পুষ্টি গুণাগুন সম্পন্ন ধানের জাত) স্থাপন করা হবে।

- **সবজি প্লট**



অধিকন্তু প্রতিবেশবান্ধব ও পুষ্টি গুণাগুন সম্পন্ন সবজির প্লট স্থাপনের মাধ্যমে পুষ্টি নিরাপত্তার প্রয়াস নেয়া হবে। প্রকল্প এলাকায় প্রতিবেশবান্ধব মোট ২,৫০০টি সবজি প্লট স্থাপন করা হবে। তাছাড়া প্রকল্প এলাকায় ৫০০টি ভাসমান সবজি প্লট স্থাপন করা হবে।

- **সূর্যমুখী ও ভূট্টাচাষ প্রদর্শনী প্লট**



সূর্যমুখী ও ভূট্টাচাষ এবং সূর্যমুখীর তৈল উৎপাদন ও ভূট্টা থেকে প্রাণিখাদ্য উৎপাদন করে বাজারজাতকরণের মাধ্যমে বিকল্প আয়ের জন্য প্রায়োগিক গবেষণার প্রয়াস নেয়া হবে। ৫০০ জন কৃষকের জমিতে



সূর্যমুখীর প্রদর্শনী প্লট এবং ১,৫০০ কৃষকের জমিতে ভুট্টার প্রদর্শনী প্লট স্থাপন করা হবে। সূর্যমূখী ও ভুট্টা চাষাবাদের মাধ্যমে ফসলের বহুমুখীকরণের উদ্যোগ নেয়া হবে এবং ২ টি সূর্যমূখী তেল উৎপাদন ইউনিট এবং ০৮টি ভূট্টা প্রক্রিয়াকারণ ইউনিট স্থাপনের মাধ্যমে সূর্যমূখী ও ভুট্টা চাষাবাদকে টেকসইকরণের উদ্যোগ নেয়া হবে।

### (চ) যান্ত্রিক/প্রযুক্তি সহায়তা



প্রকল্পের উদ্দেশ্যসমূহ সফলভাবে বাস্তবায়ন তথা প্রযুক্তিসমূহকে সমিতি কর্তৃক গ্রহণ এবং টেকসইকরণের লক্ষ্যে চাষাবাদে যান্ত্রিকীকরণ প্রযুক্তি সহায়তা হিসেবে ৪০টি পাওয়ার টিলার প্রদান করা হবে। প্রতি ইউনিটের খরচের ২০% সুফলভোগীরা বহন করবেন এবং ৮০% প্রায়োগিক গবেষণা খাত হতে বহন করা হবে।

### (ছ) IFCAS (ইফকাস) প্রযুক্তির সম্প্রসারণ



প্রকল্প এলাকাভুক্ত দেশের দক্ষিণাঞ্চল ও উত্তর-পূর্বাঞ্চলের বরিশাল, পটুয়াখালী এবং সুনামগঞ্জ জেলায় অধিকাংশ এলাকা বছরের বেশির ভাগ সময় জলাবদ্ধ অবস্থায় থাকে। এ সকল স্থানে একই সাথে মাছ ও সবজি চাষের একটি সমন্বিত পদ্ধতি হল- IFCAS (ইফকাস)। এর পূর্ণরূপ- Integrated Floating Cage Aqua-Geoponics System বা পুকুরে বিশেষ খাঁচায় মাছ ও সবজির সমন্বিত চাষ পদ্ধতি। প্রকল্প এলাকার বরিশাল, পটুয়াখালী, ব্রাহ্মণবাড়িয়া ও সুনামগঞ্জ জেলায় মোট ১০০টি ইফকাসের ইউনিট প্রদান করা হবে।

### (জ) কৃষি খামারে নবায়নযোগ্য শক্তির অভিযোজনীয় ট্রায়াল ও উন্নত পানি সাশ্রয়ী প্রযুক্তির অভিযোজনীয় ট্রায়াল



অগভীর নলকূপের মাধ্যমে সেচ কাজের জন্য প্রকল্প এলাকায় সৌর প্যানেল স্থাপন করা হবে যা প্রকৃতি বান্ধব সবুজ প্রযুক্তি হিসেবে কাজ করবে। ব্যয় অংশীদারিত্বের ভিত্তিতে

সুফলভোগীদের সৌর প্যানেল ভিত্তিক প্রযুক্তি ইউনিট প্রদান করা হবে। ১২টি সৌর প্রযুক্তিভিত্তিক সেচ ইউনিট স্থাপন করা হবে। প্রতি ইউনিটের খরচের ২০% সুফলভোগীরা বহন করবেন এবং ৮০% প্রায়োগিক গবেষণা খাত হতে বহন করা হবে।

### (ঝ) দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, সেমিনার ও সম্মেলন আয়োজন





বিভিন্ন প্রযুক্তিগত বিষয়ের উপর সুফলভোগীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হবে। এর মধ্যে পানি সাশ্রয়ী সেচ ব্যবস্থা, আধুনিক পদ্ধতিতে মৎস্যচাষ/ইফকাস বিষয়ক, আধুনিক পদ্ধতিতে সবজি/ভাসমান সবজি চাষ, জৈব সার উৎপাদন পদ্ধতি, আধুনিক প্রযুক্তিতে ধান চাষ, উন্নত পদ্ধতিতে সূর্যমুখী চাষ, উন্নত পদ্ধতিতে ভূট্টা চাষ, বর্জ্য ব্যবস্থাপনা, উন্নত পদ্ধতিতে ফল উৎপাদন এবং সংগঠন ব্যাবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ ইত্যাদি বিষয়ে সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান করা হবে। ১০টি ট্রেড ভিত্তিক মোট ৪৮৬টি ব্যাচ প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করা, গবেষণালব্ধ ফলাফল প্রচার এবং বা বাজারজাতকরণ নেটওয়ার্ক উন্নয়নের জন্য প্রকল্প মেয়াদে মোট ৯টি সেমিনার/কনফারেন্স আয়োজন করা হবে।

### (ঞ) গ্রাম সংগঠনসমূহে বিশেষ অনুদান প্রদান



প্রকল্পভুক্ত গ্রাম সমিতিসমূহের মাসিক সঞ্চয়, তহবিল গঠন, অন্যান্য কার্যক্রম ও সার্বিক ব্যবস্থাপনা সন্তোষজনক হলে পর্যায়ক্রমে প্রত্যেক সমিতিকে সর্বোচ্চ দুই লক্ষ চল্লিশ হাজার টাকা বিশেষ অনুদান প্রদান করা হবে। উক্ত বিশেষ অনুদান থেকে প্রাপ্ত অর্থ কৃষি পণ্যের (কৃষি/মৎস্য/ প্রাণিসম্পদ) বাজারজাতকরণ কাজে অগ্রাধিকার দেয়া হবে। বার্ড কর্তৃক প্রদত্ত বিশেষ অনুদান সমিতির ফান্ডে জমা থাকবে। যাহা সমিতির অধিকাংশ সদস্যদের মতামতের ভিত্তিতে আয়বর্ধমূলক কাজে ব্যয় করা যাবে।

### (ট) পণ্যের প্রচার ও বিপণন

কৃষি পণ্যের ন্যায্য মূল্য নিশ্চিতকরণে গ্রামের সমিতিসমূহ এবং ঢাকাস্থ হরটেক্স ফাউন্ডেশন এবং অন্যান্য বেসরকারি সবজি রপ্তানীকারক এজেন্সিসমূহের মধ্যে সংযোগ স্থাপন করা হবে যাতে করে কৃষকগণ গুণগত ফসল ও সবজি রপ্তানী করে আকর্ষণীয় মূল্য পায়। এ ক্ষেত্রে বিশেষ অনুদানের টাকা সমিতি ব্যয় করতে পারবে।

### (ঢ) স্থানীয় খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন

প্রকল্পভুক্ত এলাকায় কৃষকদের কর্মস্পৃহা বৃদ্ধিতে স্থানীয় ক্রীড়া প্রতিযোগিতা ও সংস্কৃতির বিকাশে লোকজ অনুষ্ঠান আয়োজন করা হবে।



## ৬। আউটপুট

- ❖ গ্রাম সংগঠনের মাধ্যমে প্রতিবেশ/পরিবেশবান্ধব কৃষি প্রযুক্তি সম্প্রসারণ করা
- ❖ পরিবেশ দূষণ রোধ ও জৈব সার ব্যবহারের মাধ্যমে মাটির গুণাগুণ বৃদ্ধি করা ও নিরাপদ খাদ্য উৎপাদন ত্বরান্বিত করা
- ❖ ট্রেডভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কৃষকদেরকে দক্ষ উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা
- ❖ কৃষি পণ্যের বাজারজাতকরণ নেটওয়ার্ক উন্নয়নের মাধ্যমে কৃষকের আর্থসামাজিক অবস্থার স্থায়ী উন্নয়ন।

## ৭। আউটকাম

প্রকল্প এলাকায় প্রতিবেশ উপযোগী ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ।

© Bangladesh Academy for Rural Development


**যোগাযোগঃ**

**ড. মোহাম্মদ আনোয়ার হোসেন ভূঁঞা**
পরিচালক, বার্ড
এবং
প্রকল্প পরিচালক

**আবদুল্লা-আল-মামুন**
সহকারী পরিচালক, বার্ড
এবং
সহকারী প্রকল্প পরিচালক

E-mail: pdecobard@gmail.com
website: www.bard.gov.bd